UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)
(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref: ***Date:*** *২৬ ডিসেম্বর ২০১৪*

প্রেস বিজ্ঞপ্তি

ইউপিডিএফ-এর ১৬তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

জনতার সংগ্রামী মৈত্রী জোরদার করার আহ্বান

"জনতার সংগ্রামী মৈত্রী জোরদার করুন" এই আহ্বানে পার্বত্য চট্টগ্রামে পূর্ণস্বায়ত্তশাসন প্রতিষ্ঠার দাবিতে আন্দোলনরত রাজনৈতিক দল ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর ১৬তম প্রতিষ্ঠাবার্ষিকী আজ ২৬ ডিসেম্বর ২০১৪ শুক্রবার নানা কর্মসূচির মধ্য দিয়ে পালিত হয়েছে। কর্মসূচির মধ্যে ছিল আনুষ্ঠানিকভাবে পতাকা উত্তোলন, শহীদদের উদ্দেশ্যে নির্মিত অস্থায়ী শহীদ বেদীতে পুষ্পমাল্য অর্পণ, দৃষ্টিগ্রাহ্য স্থানে ব্যানার-ফেস্টুন টাঙানো, দলীয় অফিসে বিপ্লবী সংগীত বাজানো, আলোচনা সভা ইত্যাদি। রাঙামাটি ও খাগড়াছড়ির বিভিন্ন জায়গায় এসব কর্মসূচি পালত হয়।
তবে সাম্প্রতিক সময়ে বগাছড়িতে পাহাড়ি গ্রামে হামলায় জানমালের প্রভূত ক্ষয়ক্ষতিসহ কাপ্তাইয়ে স্কুলছাত্রী ধর্ষণ-খুনের ঘটনাবলীর পরিপ্রেক্ষিতে এবারে প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে বড় আকারে কোন গণজমায়েত, বর্ণাঢ্য শোভাযাত্রা (র‍্যালি) অনুষ্ঠিত হয়নি।

খাগড়াছড়ি জেলা সদরের নারাঙহিয়া মাঠে শুক্রবার(২৬ ডিসেম্বর) সকাল সাড়ে ৮টায় আনুষ্ঠানিকভাবে পতাকা উত্তোলনের মধ্য দিয়ে ইউপিডিএফ-এর ১৬তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠান শুরু হয়। 'উই শ্যাল ওভার কাম...'(আমরা করবো জয়...) গানটি বাজিয়ে আনুষ্ঠানিকভাবে পতাকা উত্তোলন করেন ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর কেন্দ্রীয় নেতা নতুন কুমার চাকমা। এ সময় তিন সদস্যের একটি চৌকস দল পতাকা বহন করেন। পতাকা উত্তোলনের সময় উপস্থিত সবাই দাঁড়িয়ে পতাকার প্রতি সম্মান প্রদর্শন করেন।
এরপর শহীদদের উদ্দেশ্যে নির্মিত শহীদ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা হয়। প্রথমে নতুন কুমার চাকমা ও প্রদীপন খীসার নেতৃত্বে ইউপিডিএফ নেতৃবৃন্দ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন। এরপর নির্বাচিত জুম্ম জনপ্রতিনিধি সংসদ পক্ষে সর্বোত্তম চাকমা, ও কান্তি লাল দেওয়ান, হিল উইমেন্স ফেডারেশন পক্ষে মাদ্রী চাকমা ও মিশুক চাকমা. গণতান্ত্রিক যুব ফোরামের পক্ষে জিকো ত্রিপুরা ও আলোবরণ চাকমা, পাহাড়ি ছাত্র পরিষদের পক্ষে রতন স্মৃতি চাকমা ও কুনেন্টু চাকমা পৌর এলাকার সমাজ উন্নয়ন কমিটি সমূহের পক্ষে রবি শংকর তালুকদার, দীপায়ন চাকমা ও নিপুল কান্তি চাকমা, খাগড়াছড়ি জেলা সদরের বিভিন্ন গ্রামের ভিলেজ কমিটির নেতৃবৃন্দের মধ্যে ১২নং যৌথ খামার প্রকল্প গ্রামের ভিলেজ কমিটির সভাপতি চিত্তরঞ্জন চাকমা, জামতুলি পেরাছড়া গ্রামের ভিলেজ কমিটির সাধারণ সম্পাদক অনুপম চাকমা, দক্ষিণ হেডম্যান পাড়া'র সভাপতি প্রিয়দর্শন চাকমা ও ১নং গড়গজ্যাছড়ি সভাপতি দিলীপ কুমার চাকমা, শহীদ কর্মি পরিবারে পক্ষে শহীদ অনিমেষ চাকমার সহধর্মিনী মিন্টি চাকমা, শহীদ রিগ্যান চাকমা'র সহধর্মিনী যবনিকা চাকমা, ইউপিডিএফ কর্মি সন্তান-সন্ততিদের পক্ষে নিবিড় চাকমা, ভালেদ চাকমা, জোনিকা চাকমা, তুলতুলি চাকমা, জুরান্টু খীসা, ইউপিডিএফ কর্মি পরিবারদের পক্ষে যুথিকা চাকমা, শান্তি রাণী চাকমা, নমিতা চাকমা, কেমি চাকমা শহীদ স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ করেন।
এরপর শহীদদের স্মৃতির উদ্দেশ্যে এক মিনিট নিরবতা পালন করা হয়।
পুষ্পমাল্য অর্পণ শেষে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন ইউপিডিএফের কেন্দ্রীয় নেতা নতুন কুমার চাকমা, নির্বাচিত জুম্ম জনপ্রতিনিধি সংসদের সভাপতি ও পানছড়ি উপজেলা চেয়ারম্যান সর্বোত্তম চাকমা, মহাজন পাড়া সমাজ উন্নয়ন কমিটির সভাপতি এবং বিশিষ্ট মুরুব্বী রবিশংকর তালুকদার।
অনুষ্ঠান শেষে র‍্যালি সহকারে স্বনির্ভরের দলীয় কার্যালয়ে গিয়ে কর্মসূচি সমাপ্ত করা হয়।

প্রতিষ্ঠাবাষিকী অনুষ্ঠানে খাগড়াছড়ি সদর উপজেলার বিভিন্ন জায়গা থেকে কয়েক শ' নারী-পুরুষ, শিশু-কিশোর, বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ ও সাধারণ জনগণ অংশগ্রহণ করেন। অনুষ্ঠান পরিচালনা করেন ইউপিডিএফের খাগড়াছড়ি সদর উপজেলা সংগঠক পুলক চাকমা।

দীঘিনালা: 'উইশ্যাল ওভার কাম...' গানটি পরিবেশনের মাধ্যমে শুক্রবার সকালে দলীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে ইউপিডিএফের ১৬তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠান শুরু হয়। দলীয় পতাকা উত্তোলন করেন ইউপিডিএফ দীঘিনালা ইউনিট সমন্বয়ক মিল্টন চাকমা। আর গান পরিবেশন করেন প্রতিরোধ সাংস্কৃতিক স্কোয়াডের সদস্য জ্ঞান কীর্তি চাকমা ও তার সহ শিল্পীবৃন্দ। সকাল ৯.১০ মিনিটে শুরু হয় শহীদদের উদ্দেশ্যে নির্মিত অস্থায়ী স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পন। ইউপিডিএফের পক্ষে পুষ্পমাল্য অর্পন করেন দেবদন্ত ত্রিপুরা ও মিল্টন চাকমা, শহীদ পরিবারের পক্ষে কোকলা চাকমা ও একি চাকমা, এইচ ডাব্লিউ এফের পক্ষে এন্টি ও ডেইজি চাকমা, পিসিপির পক্ষে জহেল, রুপেশ, জেনার ও রুপেন্টু চাকমা, গণতান্ত্রিক যুব ফোরামের পক্ষে জীবন, লালন চাকমা, পার্বত্য নারী সংঘের পক্ষে মিকা চাকমা ও সীমা ত্রিপুরা এবং পার্টি পরিবারের পক্ষে রুপালী তালুকদার ও মাধুরিকা চাকমা। পুষ্পমাল্য অর্পণের পরপর সকল শহীদের উদ্দেশ্যে মাথা নুইয়ে দাঁড়িয়ে ১ মিনিট নীরবতা পালন করা হয়। এরপর ইউপিডিএফের ১৬ তম প্রতিষ্ঠা বার্ষিকীর গুরুত্ব তুলে ধরে বক্তব্য রাখেন ইউপিডিএফ কেন্দ্রীয় সদস্য দেবদন্ত ত্রিপুরা। তাঁর বক্তব্যের পর জ্ঞান কীর্তি চাকমার পরিবেশনায় বিপ্লবী গণ সংগীত পরিবেশিত হয়। তারপর মিল্টন চাকমার সংক্ষিপ্ত বক্তব্যের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়। অনুষ্ঠান পরিচালনা করেন ইউপিডিএফ দীঘিনালার অন্যতম সংগঠক কিশোর চাকমা।

মাটিরাংগা: ইউপিডিএফের মাটিরাঙ্গা-গুইমারা ইউনিটের উদ্যোগে বাইল্যাছড়ি এলাকায় শুক্রবার সকাল সাড়ে ৮টায় আনুষ্ঠানিকভাবে দলীয় পতাকা উত্তোলন ও শহীদদের স্মরণে এক মিনিট নিরবতা পালনের মধ্য দিয়ে ইউপিডিএফের ১৬তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। এ সময় সংক্ষিপ্ত বক্তব্য রাখেন মাটিরাঙ্গা-গুইমারা ইউনিটের ইউপিডিএফ সংগঠক অমর মারমা সহ স্থানীয় নেতৃবৃন্দ, পাহাড়ি ছাত্র পরিষদের মাটিরাঙ্গা থানা শাখার অর্থ সম্পাদক অমল ত্রিপুরা, গণতান্ত্রিক যুব ফোরামের প্রতিনিধি সুমন্ত ত্রিপুরা প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন পিসিপি গুইমারা থানা শাখার অর্থ সম্পাদক উসাঅং মারমা।

রামগড়: মানিকছড়ি-রামগড় ইউনিটের উদ্যোগে রামগড়ের পাতাছড়া ইউনিয়নের পিলাভাঙ্গা এলাকায় শুক্রবার সকাল ৮:৫০টায় দলীয় পতাকা উত্তোলন ও শহীদদের স্মৃতির উদ্দেশ্যে এক মিনিট নিরবতা পালনের মধ্য দিয়ে ইউপিডিএফের ১৬তম প্রতিষ্ঠাবাষিকীর কর্মসূচি পালিত হয়। এ সময় সংক্ষিপ্ত বক্তব্য রাখেন ইউপিডিএফের মানিকছড়ি-রামগড় ইউনিটের সংগঠক অপু ত্রিপুরা ও স্থানীয় মুরুব্বী সুবিলাল চাকমা।

লক্ষীছড়ি: শুক্রবার সকাল ৯টায় লক্ষীছড়ি উপজেলার সদর ইউনিয়নের যতীন্দ্র কার্বারী পাড়ায় দলীয় পতাকা উত্তোলন ও অস্থায়ী শহীদ স্মৃতিস্তম্ভে পুষ্পমাল্য অর্পন ও শহীদদের উদ্দেশ্যে নিরবতা পালনের মাধ্যমে ইউপিডিএফের ১৬তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়। ইউপিডিফের পক্ষে শহীদ স্মৃতিস্তম্ভে পুষ্পমাল্য অর্পণ করেন উত্তম চাকমা। এসময় এলাকার জনগণের পক্ষে লক্ষীছড়ি ইউনিয়ন পরিষদের মেম্বার সুরজয় চাকমা ও পিসিপি-ডিওয়াইএফ-এইচডব্লিউএফের পক্ষে রেশমি মারমা পুষ্পমাল্য অর্পণ করেন। এরপর দুপুরে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এছাড়া খাগড়াছড়ির মহালছড়িতে শহীদ ও আহত সহকর্মীদের বিশেষ সম্মান জানিয়ে আলোচনা সভার মধ্য দিয়ে ইউপিডিএফের প্রতিষ্ঠাবার্ষিকীর কর্মসূচি পালিত হয়েছে। প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে জেলার পানছড়িতেও পতাকা উত্তোলন সহ অন্যান্য কর্মসূচি পালিত হয়।

রাঙামাটি জেলা (কুদুকছড়ি): রাঙামাটি সদর উপজেলার কুদুকছড়ি ইউনিয়নের আবাসিক (কুদুকছড়ি উপর পাড়া) এলাকায় আনুষ্ঠানিকভাবে ইউপিডিএফের ১৬তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। শুক্রবার সকাল সাড়ে ৮টায় উই শ্যাল ওভার কাম...(আমরা করবো জয়) সঙ্গীত বাজিয়ে পতাকা উত্তোলন করেন ইউপিডিএফের কেন্দ্রীয় নেতা উজ্জ্বল স্মৃতি চাকমা। পতাকা উত্তোলনের পর শহীদদের স্মরণে এক মিনিট নিরবতা পালন করা হয়। এরপর শহীদের উদ্দেশ্যে নির্মিত অস্থায়ী শহীদ বেদীতে ইউপিডিএফের পক্ষে উজ্জ্বল স্মৃতি চাকমা ও সচল চাকমা, পিসিপি, গণতান্ত্রিক যুব ফোরাম ও হিল উইমেন্স ফেডারেশনের পক্ষে যথাক্রমে বাবলু চাকমা, ধর্মসিং চাকমা ও রিনা চাকমা এবং শহীদ পরিবারের পক্ষে সঞ্চিতা চাকমা ও বিনতা চাকমা পুষ্পস্তবক অর্পন করেন। এছাড়া প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে দুপুরে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

কাউখালী: রাঙামাটির কাউখালী উপজেলার পানছড়ি উচ্চ বিদ্যালয় মাঠে ইউপিডিএফের ১৬তম প্রতিষ্ঠাবার্ষিকী আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে পালিত হয়েছে। শুক্রবার সকাল সাড়ে ৮টায় আনুষ্ঠানিকভাবে দলীয় পতাকা উত্তোলন ও শহীদের এক মিনিট নিরবতা পালনের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। এরপর ইউপিডিএফের কেন্দ্রীয় নেতা সচিব চাকমার নেতৃত্বে অস্থায়ী শহীদ বেদীতে পুষ্পস্তবক অর্পন করা হয়। এছাড়া কংচাই মারমার নেতৃত্বে পিসিপি নেতৃবৃন্দ এবং কাউখালী ব্যবসায়ী সমিতি, আগমুলিম ক্লাব, পানছড়ি সমাজ কল্যাণ সমিতি, পানছড়ি যুব সমাজ ও সর্বস্তরের জনগণ শহীদ বেদীতে পুষ্পস্তবক অর্পণ করেন।

পুষ্পস্তবক অর্পণ শেষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত আলোচনা সভায় ইউপিডিএফের কেন্দ্রীয় নেতা সচিব চাকমা, কাউখালী ইউনিটের সমন্বয়ক কালোপ্রিয় চাকমা ও পিসিপি'র সাবেক কেন্দ্রীয় সহ সাধারণ সম্পাদক রূপন মারমা বক্তব্য রাখেন।

নান্যাচর: উপজেলা সদরের টিএন্ডটি এলাকায় শুক্রবার সকালে দলীয় পতাকা উত্তোলন, অস্থায়ী শহীদ বেদীতে পুষ্পমাল্য অর্পন নিরবতা পালন ও আলোচনা সভার মধ্য দিয়ে ইউপিডিএফের ১৬তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। এ সময় ইউপিডিএফ ও পিসিপি'র স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

বাঘাইছড়ি: রুপালী উচ্চ বিদ্যালয় মাঠে সকাল ১০টায় দলীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে ইউপিডিএফের ১৬তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠার শুরু হয়। 'উই শ্যাল ওভার কাম...' গানটি বাজিয়ে আনুষ্ঠানিকভাবে পতাকা উত্তোলন করেন ইউপিডিএফের বাঘাইছড়ি ইউনিটের সমন্বয়ক সমশান্তি চাকমা। এরপর শহীদদের স্মরণে নির্মিত অস্থায়ী শহীদ বেদীতে পুষ্পমাল্য অর্পণ করেন ইউপিডিএফের পক্ষে সমশান্তি চাকমা ও বিরল চাকমা, শহীদ পরিবারের পক্ষে সরজিৎ চাকমা ও রাঙাবুজ্যা চাকমা, কর্মি পরিবারের পক্ষে কণিকা চাকমা ও মনিপ্রভা চাকমা, গণতান্ত্রিক যুব ফোরামের পক্ষে চিক্কেধন চাকমা ও জ্যোতির্ময় চাকমা, পাহাড়ি ছাত্র পরিষদের পক্ষে সোহেল চাকমা ও আসেন্টু চাকমা, হিল উইমেন্স ফেডারেশনের পক্ষে লিলিকা চাকমা ও এ্যাপপি চাকমা, পার্বত্য চট্টগ্রাম নারী সংঘের পক্ষে মুক্তসোনা চাকমা ও বিশাখা চাকমা এবং এলাকাবাসীর পক্ষে রূপকারী ইউপি চেয়ারম্যান পারদর্শী চাকমা ও বঙ্গলতলী ইউপি চেয়ারম্যান তারুসি চাকমা।

পুষ্পমাল্য অর্পণের পর শহীদের উদ্দেশ্যে এক মিনিট নিরবতা পালন করা হয়। এরপর এক আলোচনা সভার মধ্য দিয়ে অনুষ্ঠান সমাপ্ত হয়।

সাজেক : ‘উই শ্যাল ওভার কাম...’ গানটি বাজিয়ে গঙ্গারাম মুখ বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণীর ছাত্রী এলিনা চাকমাকে দিয়ে আনুষ্ঠানিকভাবে দলীয় পতাকা উত্তোলনের মাধ্যমে সাজেকে ইউপিডিএফের ১৬তম প্রতিষ্ঠাবার্ষিকীর কর্মসূচি পালিত হয়েছে। শুক্রবার সকাল ৮.২০টায় উজোবাজারে পতাকা উত্তোলনের সময় ইউপিডিএফ, গণতান্ত্রিক যুব ফোরাম, পাহাড়ি ছাত্র পরিষদ, সাজেক ভূমি রক্ষা কমিটি, সাজেক নারী সমাজ নেতৃবৃন্দসহ এলাকার জনগণ উপস্থিত ছিলেন।

এছাড়াও ইউপিডিএফের ১৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে খাগড়াছড়ি জেলা সদর সহ রাঙামাটি ও খাগড়াছড়ির বিভিন্ন উপজেলায় দৃষ্টিগ্রাহ্য স্থানে ‘অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে ইউপিডিএফ-এর পতাকাতলে সমবেত হোন!’; ‘বগাছড়িতে হামলা, কাপ্তাইয়ে ধর্ষণ-খুনের বিরুদ্ধে সোচ্চার হোন!’; ‘সাম্প্রদায়িকতা ও উগ্র জাতীয়তার বিরোধিতা করুন’; ‘জনগণের মধ্যে বিভেদ সৃষ্টিকারী দালাল বেঈমানদের চিহ্নিত করুন’; ‘জনগণের মধ্যে সংগ্রামী মৈত্রী জোরদার করুন’, ‘বিভেদ বিভ্রান্তি সৃষ্টিকারী দুর্বৃত্তদের চিহ্নিত করুন’; ‘পূর্ণস্বায়ত্তশাসনের লড়াইয়ে যুক্ত হোন!’ ‘ভাগ করে শাসন করার’ উপনিবেশিক কূটকৌশল ভেস্তে দিন!’;‘জাতির সপক্ষ ত্যাগকারী দালালদের বাড়াবাড়ি বরদাস্ত করবেন না!’; ‘চুক্তির ফাঁদ থেকে বেরিয়ে আস, পূর্ণস্বায়ত্তশাসনের পথ ধর!’; ‘পূর্ণস্বায়ত্তশাসনই পার্বত্য চট্টগ্রামে স্থায়ী সমাধানের শর্ত’ ইত্যাদি শ্লোগান সম্বলিত -ব্যানার-ফেস্টুন টাঙানো হয় এবং দেয়াল লিখন করা হয়।

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ঢাকায়ও সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। এ সময় শহীদদের সম্মানে দাঁড়িয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়। এতে ইউপিডিএফ, পিসিপি, হিল উইমেন্স ফেডারেশন ও গণতান্ত্রিক যুব ফোরামের নেতা-কর্মী ও সমর্থকরা উপস্থিত ছিলেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউপিডিএফ।